“পূর্বেকার নবুওয়াতের বাণীসমূহ থেকে লোকেরা যা লাভ করেছে তন্মধ্যে একটি হচ্ছে: যখন তুমি লজ্জা করবে না তখন যা ইচ্ছা তাই কর।”

আবূ মাসউদ উকবাহ ইবনু আমর আল-আনসারী আল-বাদরী রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি
বলেন: রাসূলুল্লাহ বলেছেন: “পূর্বেকার নবুওয়াতের বাণীসমূহ থেকে লোকেরা যা লাভ
করেছে তন্মধ্যে একটি হচ্ছে: যখন তুমি লজ্জা করবে না তখন যা ইচ্ছা তাই কর।”
[সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে বলেছেন যে, পূর্ববর্তী নবীদের কাছ থেকে যা এসেছে এবং লোকেরা তাদের মধ্যে যা প্রচলন করেছে এবং শতাব্দীর পর শতাব্দী অতিক্রম করে এসে এই উম্মতের প্রথম যুগ পর্যন্ত পৌঁছেছে তা হল একটি উপদেশ: তুমি যা করতে চাও তার দিকে একটু দৃষ্টি দাও। যদি তা লজ্জার না হয় সম্পাদন কর আর যদি লজ্জার হয় পরিত্যাগ কর। কারণ, খারাপ কর্ম থেকে বাধা দানকারী হল কেবল লজ্জা। কাজেই যার লজ্জা নেই সে প্রত্যেক অশ্লীল ও নিষিদ্ধ কাজে নিমজ্জিত হবে।

http://sunnah.global/hadeeth/bn/show/66523